

বিপিএটিসি স্কুল এন্ড কলেজ
এসএসসি-২০২১ এর
২য় প্রস্তুতিমূলক মূল্যায়ন
বিষয়- বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময়- ৩ ঘণ্টা

পূর্ণমান ১০০

[প্রতিটি প্রশ্নের মানঃ ক+খ+গ+ঘ=১+২+৩+৪=১০]

নিচের প্রশ্নগুলোর উত্তর দাওঃ

১।



ক) উল্লেখিত চিত্রটি কি নির্দেশ করে?

খ) তমদ্দুন মজলিশ কবে এবং কেন গঠিত হয়?

গ) ভাষা আন্দোলনের পটভূমি ব্যাখ্যা কর।

ঘ) বাঙালি জাতীয়তাবাদ বিকাশে ভাষা আন্দোলনের ভূমিকা বিশ্লেষণ কর।

২। সাম্প্রতিক সময়ে করোনার কারণে আমাদের পর্যটন খাতে বিপর্যয় সৃষ্টি হয়েছে। আমাদের ভূ-প্রকৃতি বৈচিত্র্যময়। বাংলাদেশের উপর দিয়ে বয়ে গেছে অসংখ্য নদ-নদী। এদেশের উত্তর-পূর্ব ও দক্ষিণ-পূর্বাংশের পাহাড়িয়া অংশ ব্যতিত প্রায় সমগ্র দেশটিই এসব নদীর পলল দ্বারা গঠিত। ভূ-প্রকৃতির এ বৈচিত্র্যকে কাজে লাগিয়ে আমরা আমাদের পর্যটন শিল্পকে আবার উজ্জীবিত করতে পারব।

ক) ভূ-প্রকৃতির ভিত্তিতে বাংলাদেশকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়?

খ) বাংলাদেশের ভৌগোলিক অবস্থান লিখ।

গ) উদ্দীপকে উল্লেখিত পাহাড়সমূহের বিবরণ দাও।

ঘ) 'সমগ্র দেশটিই এসব নদীর পলল দ্বারা গঠিত'-এখানে কোন ভূ-প্রাকৃতিক গঠন নির্দেশিত হয়েছে? ব্যাখ্যা কর।

৩।

উদ্দেশ্য

• সর্বাধিক মুনাফা অর্জন

• জনগণের কল্যাণ সাধন

ক) সম্পদের কয়টি শ্রেণিতে বিন্যস্ত?

খ) অর্থনৈতিক ব্যবস্থা কাকে বলে?

গ) উদ্দীপকে কোন দুটি অর্থ ব্যবস্থা নির্দেশিত হয়েছে? অর্থব্যবস্থা দুটির মধ্যে পার্থক্য দেখাও।

ঘ) উল্লেখিত অর্থব্যবস্থা দুটির কিছু কিছু বৈশিষ্ট্যের সমন্বয়ে বাংলাদেশসহ বিশ্বের অনেক দেশে গড়ে উঠেছে একটি স্বতন্ত্র অর্থ ব্যবস্থা। অর্থব্যবস্থাটি বৈশিষ্ট্যগুলো বিশ্লেষণ কর।

৪। জনাব আরাফাত রহমান শ্রেণীকক্ষে তাঁর ছাত্রদের বলছিলেন, সংবিধান হচ্ছে রাষ্ট্র পরিচালনার মূল দলিল। সরকার কী ধরনের হবে, নাগরিক হিসেবে আমরা কী অধিকার ভোগ করব, সরকারের বিভিন্ন বিভাগ কী ক্ষমতা ভোগ করবে তার সবকিছুই এতে লিপিবদ্ধ থাকে।


ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অস্থায়ী সংবিধান আদেশ কবে জারি করেন?

খ) অস্থায়ী সংবিধান আদেশের দুটি দিক উল্লেখ কর।

গ) ১৯৭২ সালের সংবিধান প্রণয়নের পটভূমি ব্যাখ্যা কর।

ঘ) '১৯৭২ সালের মূল সংবিধানটি স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের স্বকীয় বৈশিষ্ট্যে মহিমান্বিত' – মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৫।



ক) আইনের ৬ টি উৎসের কথা কোন রাষ্ট্রবিজ্ঞানী উল্লেখ করেন?

খ) উদ্দীপকের '?' চিহ্নিত স্থানগুলো পূরণ কর।

গ) আইনের উৎসগুলোর ব্যাখ্যা দাও।

ঘ) সুশাসন প্রতিষ্ঠায় আইনের অনুশাসন কী ধরনের ভূমিকা পালন করতে পারে বলে তুমি মনে কর? মতামত বিশ্লেষণ কর।

৬। জনাব মাহবুব লক্ষ করলেন কয়েক মাস যাবত তার মেয়ে বিদ্যালয়ে একা যেতে সংকোচ বোধ করছে। কারণ তার এলাকার ১৫-১৬ বৎসর বয়সী কয়েকজন ছেলে বিদ্যালয়ে যাওয়ার পথে মেয়েদেরকে উতান্ত করে। তিনি এ সমস্যা সমাধানের জন্য আভিভাবকদের সাথে আলোচনার উদ্যোগ নেন।

- ক) সামাজিক বিশৃঙ্খলার চরম রূপ কি?
 খ) সামাজিক মূল্যবোধ কাকে বলে?
 গ) জনাব মাহবুব কোন ধরনের সামাজিক সমস্যা সমাধানের চেষ্টা করছেন? এ সামাজিক সমস্যার কারণগুলো ব্যাখ্যা কর।
 ঘ) নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে বাংলাদেশে প্রণীত আইনগুলোর বর্ণনা দাও।
 ৭।



- ক) টেকসই উন্নয়নে অষ্ট লক্ষ্য কয়টি?
 খ) টেকসই উন্নয়ন কাকে বলে?
 গ) টেকসই উন্নয়নে অংশীদারিত্ব কেন প্রয়োজন আলোচনা কর।
 ঘ) এসডিজি অর্জনে বাংলাদেশের চ্যালেঞ্জগুলো তুলে ধর।
 ৮। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাওঃ

৩০

- (১) আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাকালীন সভাপতি কে ছিলেন?
 (২) 'কবর' নাটকটি কে রচনা করেন?
 (৩) আইয়ুব সরকার ৬ দফাকে কি হিসেবে আখ্যায়িত করেন?
 (৪) ১৯৭০ সালের নির্বাচনে পূর্ব বাংলার জন্য নির্ধারিত আসন ছিল কতটি?
 (৫) মুক্তিযুদ্ধের সময় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কে ছিলেন?
 (৬) ভারত বাংলাদেশকে আনুষ্ঠানিক স্বীকৃতি দেয় কত তারিখে?
 (৭) বাকশালের পূর্ণরূপ লিখ।
 (৮) গণতন্ত্র মুক্তি পাক, স্বৈরাচার নিপাত যাক'- পিঠে লিখে শহিদ হন কে?
 (৯) জাতিসংঘ শিশু অধিকার সনদ প্রণীত হয় কত সালে?
 (১০) HIV প্রথম সনাক্ত হয় কত সালে?
 (১১) Militare শব্দের অর্থ কি?
 (১২) AIDS এর পূর্ণরূপ লিখ।
 (১৩) SDG এর পূর্ণরূপ লিখ।
 (১৪) বাংলাদেশ কত সালের মধ্যে উন্নত দেশে পরিণত হওয়ার স্বপ্ন দেখে?
 (১৫) SDG এর ১ নং লক্ষ্যটি কি?
 (১৬) 'The Modern State' গ্রন্থটি কে লিখেছেন?
 (১৭) তথ্য অধিকার আইন জারি করা হয় কত সালে?

- (১৮) নাগরিকের প্রধান কর্তব্য কি?
 (১৯) বাংলাদেশের শীতলতম মাস কোনটি?
 (২০) ভূমিকম্পনপ্রবণ অঞ্চলগুলোকে কয় ভাগে ভাগ করা যায়?
 (২১) বর্ষাকালে মোট বৃষ্টির কত ভাগ হয়?
 (২২) আদমসুমারি-২০১১ অনুসারে বাংলাদেশে জনসংখ্যা কত ছিল?
 (২৩) কোন অর্থব্যবস্থা শরিয়ত মোতাবেক পরিচালিত হয়?
 (২৪) চাহিদা কাকে বলে ?
 (২৫) উপযোগ কাকে বলে ?
 (২৬) আন্তর্জাতিক সম্পদের ২ টি উদাহরণ দাও।
 (২৭) কত সালে বীরাঙ্গনারা মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি পায়?
 (২৮) কনসার্ট ফর বাংলাদেশ কোথায় হয়?
 (২৯) ১৯৭২ সালে আমাদের দারিদ্র্যের হাডু কত ছিল?
 (৩০) ৭ মার্চের ভাষণকে বিশ্ব প্রামাণ্য দলিল হিসেবে স্বীকৃতি দিয়েছে কোন সংস্থা?